

একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়
জন্ম ও মৃত্যু নিবন্ধন, স্থানীয় সরকার বিভাগ
পরিবহন পুল ভবন, সচিবালয় লিংক রোড, ঢাকা-১০০০



স্মারক: ৪৬.০৪.০০০০.১০৫.৩১.০০১.২৫.২৬

তারিখঃ ০৯ জ্যৈষ্ঠ ১৪৩৩ বঙ্গাব্দ
২৩ মে ২০২৬ খ্রিষ্টাব্দ

বিষয়: কোন ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা নিবন্ধন সহকারী (Authorized User) হিসেবে দায়িত্ব পালনে সমর্থ না হলে বা একাধিক ইউনিয়ন পরিষদে অতিরিক্ত দায়িত্ব থাকলে তার স্থলে হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরকে নিবন্ধন সহকারী (Authorized User) হিসেবে দায়িত্ব প্রদান।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জন্ম ও মৃত্যু নিবন্ধন আইন ২০০৪ এর ৪(১)(গ) ধারা মোতাবেক চেয়ারম্যান বা সরকার কর্তৃক ক্ষমতাপ্রাপ্ত কোন কর্মকর্তা বা সদস্য ইউনিয়ন পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধক হিসেবে দায়িত্বপ্রাপ্ত। জন্ম ও মৃত্যু নিবন্ধন বিধিমালা, ২০১৮ এর বিধি ১৯(৪) মোতাবেক নিবন্ধক তার কার্যালয়ের নিয়মিত বেতন কাঠামোর আওতায় চাকরিরত কোন কর্মচারীর অনুকূলে নিবন্ধন সহকারী (Authorized User) হিসেবে User ID ও Password পাবেন।

০২। বিধি মোতাবেক ইউনিয়ন পরিষদের নিবন্ধন সহকারী (Authorized User) হিসেবে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের প্রশাসনিক কর্মকর্তা বা হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটর দায়িত্ব পালন করতে পারেন। অনেকক্ষেত্রে ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তাদের কম্পিউটার ব্যবহারের কারিগরি জ্ঞান না থাকায় বা অতিরিক্ত দায়িত্ব হিসেবে একাধিক ইউনিয়নের দায়িত্ব থাকার ফলে তাঁরা তাদের User ID নিজে ব্যবহার না করে অননুমোদিত (Unauthorized) ব্যক্তিদের নিকট হস্তান্তর করেন। যার ফলে সিস্টেমের নিরাপত্তা বিঘ্নিত ও জনভোগান্তির সৃষ্টি হয়। ইউনিয়ন পরিষদ প্রশাসনিক কর্মকর্তা কোন কারণে নিবন্ধন সহকারী (Authorized User) হিসেবে দায়িত্ব পালনে সমর্থ না হলে বা তিনি অতিরিক্ত দায়িত্ব একাধিক ইউনিয়ন পরিষদের দায়িত্ব থাকলে সেক্ষেত্রে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের হিসাব সহকারী কাম-কম্পিউটার অপারেটরের অনুকূলে নিবন্ধন সহকারী (Authorized User) হিসেবে ইউজার আইডি ও পাসওয়ার্ড প্রদান করা আবশ্যিক। ইহা প্রতিপালন করলে অননুমোদিত (Unauthorized) ব্যক্তিদের নিকট User ID শেয়ারিং বন্ধ হবে ও জনভোগান্তি লাঘব হবে এবং সেবা সহজীকরণ হবে।

০৩। উল্লেখ্য, নিজের User ID ও Password অন্য ব্যক্তির নিকট হস্তান্তর ফৌজদারি অপরাধ। এগুলো কোনভাবেই হস্তান্তরযোগ্য নয়।

০৪। ইহা সংশ্লিষ্ট সকলের অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

(মো: লুৎফুর রহমান)

ডেপুটি রেজিস্ট্রার জেনারেল (যুগ্মসচিব)

জন্ম ও মৃত্যু নিবন্ধন

ফোন: ২২২৩৩৫৫৮৮৪

ই-মেইল: drg.ict@orgbdr.gov.bd

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। জেলা প্রশাসক (সকল)।

০২। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।

০৩। নিবন্ধক, নিবন্ধকের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধীকরণ (সকল ইউনিয়ন পরিষদ)।

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

০১। বিভাগীয় কমিশনার (সকল)।

০২। পরিচালক, স্থানীয় সরকার, বিভাগীয় কমিশনারের কার্যালয় (সকল)।

০৩। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

০৪। প্রোগ্রামার, রেজিস্ট্রার জেনারেলের কার্যালয়, জন্ম ও মৃত্যু নিবন্ধন (এ কার্যালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

০৫। রেজিস্ট্রার জেনারেলের (অতিরিক্ত সচিব) ব্যক্তিগত সহকারী, জন্ম ও মৃত্যু নিবন্ধন।

ই-মেইল: bdrinfo@orgbdr.gov.bd, ওয়েবসাইট: www.orgbdr.gov.bd

